অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/28/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল শিশুদের AI চ্যাটবট থেকে সুরক্ষা দেওয়া এবং বেবি মনিটরের নিরাপত্তা নিশ্চিত করার জন্য দেশ সেরা বিধিমালাতে স্বাক্ষর করলেন

S.9508/A.5175A ইন্টারনেটের সাথে সংযুক্ত বেবি মনিটরে নিরাপত্তা ফিচার ও স্পষ্ট সতর্কতামূলক লেবেল যোগ করা বাধ্যতামূলক করেছে

S.9051B/A.10379C অপ্রাপ্তবয়স্কদের জন্য অনিরাপদ AI চ্যাটবটের ফিচার নিষিদ্ধ করে, যার মধ্যে রয়েছে মানুষের হওয়ার ভান করা, নিজের ক্ষতিতে উৎসাহ দেওয়া বা শিশুদের সাথে অনুপযুক্ত কথোপকথন করা বট

এই পদক্ষেপ গভর্নর হোকলের AI-এর জন্য সুরক্ষামূলক নিয়ম প্রতিষ্ঠার ক্ষেত্রে দেশসেরা রেকর্ডের ধারাবাহিকতায় হচ্ছে, যার মধ্যে রয়েছে দেশের প্রথম AI কম্প্যানিয়ন সুরক্ষা ব্যবস্থা, RAISE Act, AI-তৈরি যৌন নির্যাতনমূলক উপকরণের উপর নিষেধাজ্ঞা, Safe by Design এবং Safe for Kids Acts

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিউ ইয়র্কের (New York) শিশুদের কৃত্রিম বুদ্ধিমত্তার (artificial intelligence, AI) চ্যাটবটের বাড়তে থাকা ঝুঁকি এবং তাদের বাড়ি, নার্সারি, ও প্লেরুমে ইন্টারনেটের সাথে সংযুক্ত বেবি মনিটরের ঝুঁকি থেকে দিতে দুইটি বিলে স্বাক্ষর করেছেন। এই আইনগুলি একসাথে অনলাইনে শিশুদের নিরাপদ রাখা এবং নতুন প্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তার হুমকি থেকে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখার ক্ষেত্রে নিউ ইয়র্ককে দেশসেরা স্টেট হিসেবে গড়ে তোলার জন্য গভর্নরের প্রচেষ্টাকে আরো অগ্রসর করবো।

"কৃত্রিম বুদ্ধিমত্তা দ্রুত অগ্রসর হচ্ছে এবং এমন অনেক মর্মান্তিক ঘটনা ঘটেছে যেগুলি প্রতিরোধ করতে পারা উচিত ছিল, এবং নিউ ইয়র্কের মা গভর্নর হিসেবে আমি পদক্ষেপ নিচ্ছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "কোনো কোম্পানিরই শিশুদের কাছে এমন চ্যাটবট দেওয়া করা উচিত না যেগুলি নিজের ক্ষতিতে উৎসাহ দেয় অথবা তাদের বন্ধু বা তার থেকেও বেশি কিছু হওয়ার ভান করে। আর কোনো নতুন অভিভাবকেরই এই উদ্বেগ থাকা উচিত না যে ক্ষতিকর হ্যাকাররা বেবি মনিটরের মাধ্যমে তাদের নতুন পরিবারটির উপর নজরদারি করছে। নিউ ইয়র্ক একটি স্পষ্ট বার্তা দিচ্ছে: আপনি যদি আমাদের স্টেটে ব্যবসা করতে চান, তাহলে আপনাকে আমাদের শিশুদের নিরাপত্তাকে সবার আগে রাখতে হবে।"

নিউ ইয়র্কের অ্যাটর্নি জেনারেল Letitia James (লেটিশিয়া জেমস) বলেন, "AI চ্যাটবটের সম্ভাব্য ক্ষতি থেকে আমাদের শিশুদের সুরক্ষা দিতে গভর্নর Hochul (হোকল), সিনেটর

Gonzalez (গনজালেজ), অ্যাসেম্বলির সদস্য Bores (বোরেস) এবং Common Sense Media-এর সাথে কাজ করতে পেরে আমি গর্বিত। চ্যাটবটের কারণে আমাদের শিশুদের স্বাস্থ্যের ক্ষতি হওয়ার অনেক ভয়াবহ ঘটনা আমরা দেখেছি, এবং এই নতুন আইন সেই ক্ষতি প্রতিরোধ ও শিশুদের নিরাপদ রাখতে স্পষ্ট আইনি সীমারেখা নির্ধারণ করে। এই প্রযুক্তির কারণে সৃষ্ট হুমকি মোকাবেলা করতে এবং একই সাথে নিরাপদ ও দায়িত্বশীল উদ্ভাবনের পথ সুগম করতে আমার অফিস সরকারের সব স্তরের পার্টনারদের সাথে কাজ চালিয়ে যাবে। নিউ ইয়র্ক পরিস্থিতির উপর সতর্ক নজর রাখছে, এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষায় আইনের পূর্ণ শক্তি প্রয়োগ করতে আমরা দ্বিধা করবো না।"

S.9508/A.5175A আইন নিউ ইয়র্কে বিক্রি হওয়া ইন্টারনেটের সাথে সংযুক্ত বেবি মনিটরে এমন নিরাপত্তা ফিচার থাকা বাধ্যতামূলক করেছে যা অপরিচিত ব্যক্তিদের এটি দেখা বা শোনা থেকে বিরত রাখবে; পাশাপাশি এতে স্পষ্ট সতর্কতামূলক লেবেল থাকতে হবে।

স্টেটের সিনেটর Andrew Gounardes (অ্যান্ড্রু গুনার্ডেস) বলেন, "বেবি মনিটরগুলির কাজ হলো বাবা-মাকে তাদের নবজাতকের উপর নজর রাখতে সাহায্য করা, অপরিচিতদের আমাদের বাড়িতে উঁকি দেওয়ার সুযোগ করে দেওয়া নয়। এই নতুন প্রযুক্তিগুলি সহায়ক হতে পারে, তবে এগুলি সাইবার নিরাপত্তার প্রকৃত ঝুঁকি তৈরি করে। আমার বিলে এমন প্রাইভেসি ফিচার বাধ্যতামূলক করা হয়েছে যা অপরিচিত ব্যক্তিদের শিশুর ঘরে কী ঘটছে তা দেখতে বা শুনতে দিবে না; পাশাপাশি ডিভাইসগুলিতে স্পষ্ট সতর্কতামূলক লেবেল থাকা নিশ্চিত করবে যাতে পরিবারগুলি বুঝতে পারে এই বৈশিষ্ট্যগুলি কীভাবে কাজ করে। এর ফলে বাবা-মা নিশ্চিন্তে ঘুমাতে পারবেন, কারণ তারা জানবেন যে তারা ও তাদের শিশুরা নিরাপদ। এই উদ্যোগে পার্টনারশিপের জন্য গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ।"

অ্যাসেম্বলির সদস্য Michaelle C. Solages (মিশেল সি সোলাজেস) বলেন, "বেবি মনিটরের কাজ হলো বাবা-মায়ের হয়ে নজর রাখা, হ্যাকার ও অপরিচিত ব্যক্তিদের প্রবেশের সুযোগ করে দেওয়া না। এখন, নিউ ইয়র্কে বিক্রি হওয়া প্রতিটি ইন্টারনেটের সাথে সংযুক্ত বেবি মনিটর অনুপ্রবেশকারীরা বাইরে রাখার জন্য তৈরি করতে হবে এবং স্পষ্ট লেবেল থাকতে হবে যাতে পরিবারগুলি নিরাপদ থাকার উপায় জানতে পারে। এই বিধিমালায় স্বাক্ষর করে একে আইনে পরিণত করার জন্য গভর্নর Hochul-কে (হোকল) এবং নিউ ইয়র্কের পরিবারগুলিকে সুরক্ষিত রাখতে পার্টনারশিপের জন্য আমার সিনেটের স্পন্সর সিনেটর Gounardes-কে (গুনার্ডেস) ধন্যবাদ জানাচ্ছি।"

বেবি মনিটর বাড়িতে প্রবেশের একটি খোলা দরজা হয়ে উঠতে পারে। Rapid7-এর নিরাপত্তা গবেষকরা যখন আটটি কোম্পানির তৈরি ইন্টারনেটের সাথে সংযুক্ত নয়টি বেবি মনিটর পরীক্ষা করেন, তখন নিরাপত্তার জন্য আটটি মনিটর "F" এবং একটি "D" গ্রেড পায়। এই নতুন আইন অনুযায়ী, ইন্টারনেটের মাধ্যমে অডিও বা ভিডিও সম্প্রচার করে এমন নতুন বেবি মনিটর বিক্রি নিষিদ্ধ, যদি না সেগুলিতে এমন নিরাপত্তা বৈশিষ্ট্য থাকে, যা অপরিচিত ব্যক্তিদের শিশুর ঘরে কী ঘটছে তা দেখা বা শোনা থেকে বিরত রাখে। মনিটরগুলিতে অবশ্যই একটি স্পষ্ট ও সহজে পড়া যায় এমন সতর্কতামূলক লেবেল থাকতে হবে যেখানে ব্যাখ্যা করা থাকবে যে ডিভাইসটি ইন্টারনেটের সাথে সংযুক্ত হয় এবং পরিবারগুলির উচিত।এর নিরাপত্তা বৈশিষ্ট্যগুলি ব্যবহার করা। স্বাক্ষরের 90 দিন পর আইনটি কার্যকর হবে।

S.9051B/A.10379C AI চ্যাটবটের ফিচার ব্যবহারকারী কোম্পানিগুলিকে অপ্রাপ্তবয়স্কদের জন্য অনিরাপদ ফিচার দেওয়া নিষিদ্ধ করেছে, যার মধ্যে রয়েছে মানুষের হওয়ার ভান করা, আবেগগত নির্ভরতা তৈরি করা, নিজের ক্ষতিতে উৎসাহ দেওয়া বা যৌন সংক্রান্ত খোলামেলা কথোপকথনে জড়ানো চ্যাটবট।

স্টেটের সিনেটর Kristen Gonzalez (ক্রিস্টেন গনজালেজ) বলেন, "অনলাইনে শিশুদের নিরাপদ রাখার দায়িত্ব আমাদের রয়েছে। অনেক দিন ধরে AI কোম্পানিগুলি অপ্রাপ্তবয়স্ক গ্রাহকদের জন্য চ্যাটবট দিয়ে মুনাফা অর্জন করেছে। এই চ্যাটবটগুলি শিশুদের জন্য বিপজ্জনক বলে প্রমাণিত হয়েছে, নিজের ক্ষতিতে উৎসাহ দেওয়া থেকে শুরু করে অপ্রাপ্তবয়স্কদের অন্যদের কীভাবে ক্ষতি করতে হয় তা শেখানো পর্যন্ত নানা ঘটনা ঘটেছে। শিশুদের সাথে চ্যাটবটের কথোপকথনের ক্ষেত্রে কার্যকর সুরক্ষামূলক নিয়ম প্রতিষ্ঠা করতে আমরা অ্যাসেম্বলির সদস্য Bores-এর (বোরেস) সাথে S9051B/A10379C বিলটি পাশ করেছি। এই বিলটি পাশ করানোর জন্য নিরলসভাবে প্রচার চালানো Common Sense Media, ক্ষতিগ্রস্ত পরিবার, এবং জোটকে ধন্যবাদ। এই বিলে স্বাক্ষর করার ক্ষেত্রে গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্ব এবং দায়িত্বশীল AI ব্যবহারে নিউ ইয়র্ককে দেশসেরা স্টেট হিসেবে গড়ে তোলার ব্যাপারে তার অঙ্গীকারের জন্য আমি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলির সদস্য Alex Bores (অ্যালেক্স বোরেস) বলেন, "AI কীভাবে আমাদের উপর প্রভাব ফেলছে তা নির্ধারণে জনগণের কোনো মতামত দেওয়ার সুযোগ আছে কি না তা নিয়ে ভাবা মানুষের জন্য নিউ ইয়র্ক কাছে এবারো একটি উত্তর আছে: অবশ্যই। শিশুদের শোষণমূলক AI অ্যালগরিদম থেকে সুরক্ষা দেওয়ার ক্ষেত্রে নিউ ইয়র্কে এখন দেশের সব থেকে শক্তিশালী আইন আছে, যা সাধারণ বুদ্ধির নিয়ন্ত্রণের ক্ষেত্রে আবারও ন্যূনতম মান বাড়িয়েছে এবং ইন্ডাস্ট্রির তীব্র বিরোধিতা সত্ত্বেও তা করা হয়েছে। আমাদের স্টেটের নেতৃত্ব দেশের বাকি অংশকে মনে করিয়ে দেয় যে AI আমাদের জন্য কাজ না করে আমাদের উপর প্রভাব বিস্তার করবে, এটি অনিবার্য নয়। এটি একটি ইচ্ছার বিষয়।"

AI চ্যাটবট এবং সংযুক্ত ডিভাইসগুলি আমাদের বাড়ি ও জীবনে এত দ্রুত গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছে যে নিরাপত্তামূলক সুরক্ষা ব্যবস্থা সেই গতির সাথে তাল মেলাতে পারেনি। Common Sense Media-এর তথ্য অনুযায়ী, অধিকাংশ কিশোর কিশোরী ইতিমধ্যেই AI কম্প্যানিয়ন ব্যবহার করছে। বাহাত্তর শতাংশ কিশোর-কিশোরী অন্তত একবার AI কম্প্যানিয়ন ব্যবহার করেছে, এবং 52% নিয়মিত ব্যবহারকারী মাসে অন্তত কয়েকবার এগুলির সাথে যোগাযোগ করে। AI চ্যাটবটের সাথে নির্ভরশীলতা, বিচ্ছিন্নতার সম্পর্ক পাওয়া গেছে, এবং কিছু ক্ষেত্রে, এগুলি যৌন সংক্রান্ত খোলামেলা কথোপকথনে জড়িয়েছে এবং এমনকি কিশোর-কিশোরীদের নিজেদের জীবন শেষ করে দিতে উৎসাহিত করেছে বলেও অভিযোগ রয়েছে।

গভর্নরের প্রবর্তিত দেশের প্রথম AI কম্প্যানিয়ন সুরক্ষা ব্যবস্থার ধারাবাহিকতায়, এই বিধিমালা AI চ্যাটবটগুলির জন্য শিশুদের জন্য ক্ষতিকর ফিচার বন্ধ রাখা বাধ্যতামূলক করবে। আগামী কয়েক মাসের মধ্যে, কোম্পানিগুলি 18 বছরের কম বয়সী ব্যবহারকারীদের, বা অপ্রাপ্তবয়স্ক তা নিশ্চিত না করে কোনো ব্যবহারকারীকে নিম্নলিখিত ফিচারগুলি দিতে পারবে না:

- বাস্তব ব্যক্তি, জীবিত সত্তা বা মানুষের আবেগ আছে বলে ভান করা
- কোনো শিশুর সাথে ব্যক্তিগত, রোমান্টিক, পেশাগত বা কর্তৃত্বপূর্ণ ব্যক্তির সম্পর্ক রয়েছে বলে দাবি করা
- নিজে থেকে আবেগ সম্পর্কিত প্রশ্ন করা, এবং আগের কথোপকথন থেকে পাওয়া শিশুর ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য বা ব্যক্তিগত তথ্য ব্যবহার করা
- আত্মহত্যা, আত্মক্ষতি, খাদ্যাভ্যাসজনিত ব্যাধি অথবা মাদক ও অ্যালকোহল ব্যবহারে উৎসাহ দেওয়া বা এই বিষয়ে সহায়তা করা
- শিশুদের গোপনীয়তা বজায় রাখতে, নিজেদের বিচ্ছিন্ন করে রাখতে অথবা সাহায্যের জন্য বাবা-মা, বিশ্বস্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তি বা পেশাজীবীদের কাছে যেতে এড়িয়ে চলতে উৎসাহিত করা
- যেকোনো যৌন সম্পর্কিত খোলামেলা বিষয়বস্তু অথবা শিশুদের যৌন নির্যাতন সংক্রান্ত উপাদান

আইন এছাড়াও কোম্পানিগুলির জন্য বয়স যাচাই করতে হবে এবং বয়স যাচাইয়ের একাধিক পদ্ধতি রাখা বাধ্যতামূলক করে, যার মধ্যে অন্তত একটি পদ্ধতি এমন হতে হবে যা শুধু সরকারি পরিচয়পত্রের উপর নির্ভরশীল নয়। এটি এছাড়াও বয়স সংক্রান্ত তথ্য ব্যবহারের পর তা মুছে ফেলা বাধ্যতামূলক করে। আইন লঙ্ঘনের ক্ষেত্রে অ্যাটর্নি জেনারেল প্রতিটি লঙ্ঘনের জন্য সর্বোচ্চ 25,000 মার্কিন ডলার পর্যন্ত দেওয়ানি জরিমানা, পাশাপাশি ক্ষতিপূরণ, অর্থ ফেরত, বেআইনিভাবে সংগ্রহ করা তথ্য অথবা সেই তথ্য ব্যবহার করে প্রশিক্ষিত যেকোনো AI মডেল ধ্বংস করা এবং অন্যান্য উপযুক্ত নিষেধাজ্ঞামূলক প্রতিকার চাওয়ার সুযোগ পাবেন। পাশাপাশি, আইন অ্যাটর্নি জেনারেলের জন্য একটি পাবলিক ওয়েবসাইট পরিচালনা বাধ্যতামূলক করে যেখানে নিউ ইয়র্কবাসীরা অভিযোগ দায়ের করতে পারবেন।

Common Sense Media-এর ফাউন্ডার ও CEO James P. Steyer (জেমস পি স্টেয়ার) বলেন, "নিউ ইয়র্ক দেশের শিশুদের AI নিরাপত্তা সংক্রান্ত সব থেকে শক্তিশালী বিলে স্বাক্ষর করে সদ্য ইতিহাস গড়েছে। AI কোম্পানিগুলি এমন ফিচার সহ চ্যাটবট সরবরাহ করে যা শিশু ও কিশোর-কিশোরীদের জন্য বিপজ্জনক, এমনকি প্রাণঘাতীও হতে পারে। এটি কোনো উদ্ভাবন নয়; বরং আমাদের শিশুদের জীবনকে বেপরোয়াভাবে বিপদের মুখে ঠেলে দেওয়া। এখন, নিউ ইয়র্কে এই ক্ষতিকর ফিচারগুলি নিষিদ্ধ করা হবে। এই নতুন আইনটি দেশের অন্যান্য অংশের জন্য একটি আদর্শ, এবং আমরা গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের প্রশংসা করছি, এবং এই পদক্ষেপ অগ্রসর করতে কাজ করার জন্য সিনেটর Gonzalez (গনজালেজ), অ্যাসেম্বলির সদস্য Bores (বোরেস) ও অ্যাটর্নি জেনারেল James-কে (জেমস) ধন্যবাদ জানাচ্ছি। এই গুরুত্বপূর্ণ বিলটির পক্ষে আইনপ্রণেতাদের সাথে বৈঠক করে প্রচার চালানোর জন্য Maria (মারিয়া) ও Matt Raine-এর (ম্যাট রেইন) মতো অনেক অভিভাবক এবং অন্যদের প্রতিও আমরা বিশেষভাবে কৃতজ্ঞ।"

New York State United Teachers-এর প্রেসিডেন্ট Melinda Person (মেলিন্ডা পারসন) বলেন, "ক্ষতিকর প্রযুক্তি থেকে আমাদের শিশুদের সুরক্ষিত রাখতে গভর্নর Hochul (হোকল) নেতৃত্ব দিয়ে চলেছেন। মনোযোগ নষ্ট করে না এমন স্কুল গড়ে তোলা থেকে শুরু করে আসক্তি সৃষ্টিকারী সামাজিক যোগাযোগ মাধ্যমের অ্যালগরিদমের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া পর্যন্ত, তিনি

অভিভাবক ও শিক্ষাবিদদের কথা শুনেছেন এবং শিশুদের অগ্রাধিকার দিতে সাহসী পদক্ষেপ নিয়েছেন। এখন, তিনি AI চ্যাটবটের কারণে সৃষ্ট ঝুঁকিগুলির মোকাবেলা করছেন। আমাদের শিশুরা প্রযুক্তির বাধা ছাড়াই শেখার, বেড়ে উঠার এবং মানুষের সাথে বাস্তব সম্পর্ক গড়ে তোলার সুযোগ পাওয়ার যোগ্য। বড় প্রযুক্তি কোম্পানিগুলির বিরুদ্ধে দৃঢ় অবস্থান বজায় রেখে আমাদের শিশুদের কল্যাণকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি।"

দায়িত্বশীল AI বিষয়ে গভর্নর Hochul-এর (হোকল) রেকর্ড

এই ঘোষণাটি পুরো স্টেটে কমবয়সীদের মানসিক স্বাস্থ্য সঙ্কট মোকাবেলা করতে এবং শিশুদের অনলাইনে নিরাপদ রাখতে সাহায্য করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) চলমান চেষ্টাকে আরো অগ্রসর করছে। এই কাজটি শিশুদের জন্য একটি নিরাপদ অনলাইন বিশ্ব নিশ্চিত করতে নিউ ইয়র্ককে একটি বিশ্বব্যাপী নেতা হিসেবে প্রতিষ্ঠিত করেছে এবং চলতি বছর অনুযায়ী, শিশুদের অনলাইনে নিরাপদ রাখার আইনের ক্ষেত্রে নিউ ইয়র্ক ইউনাইটেড স্টেটসে (United States, U.S.) প্রথম স্থানে আছে। উদ্যোগগুলোর মধ্যে রয়েছে:

- SAFE for Kids Act, যা শিশুদের জন্য সোশ্যাল মিডিয়ার আসক্তিমূলক ফিচারগুলিকে সীমাবদ্ধ করে, এবং বয়স নিশ্চিত করার ব্যাপারে গুরুত্বপূর্ণ একটি জাতীয় নজির প্রতিষ্ঠা করেছে।
- শিশু তথ্য সুরক্ষা আইন যা অনলাইন অপারেটরদের অবহিত সম্মতি ব্যতিরেকে শিশুদের তথ্য সংগ্রহ এবং তা থেকে অর্থ উপার্জন করতে বাধা দেয়।
- RAISE Act, শক্তিশালী ফ্রন্টিয়ার AI মডেলগুলির জন্য AI স্বচ্ছতা ও নিরাপত্তার একটি দেশসেরা মানদণ্ড।
- এআই কম্প্যানিয়ন লেজিসলেশন (AI Companion legislation), যা দেশে প্রথমবারের মতো সুরক্ষামূলক ব্যবস্থা নির্ধারণ করেছে; এটি ব্যবহারকারীর আত্মক্ষতিমূলক কথোপকথনগুলোকে মানসিক স্বাস্থ্য সহায়তার দিকে চালিত করে এবং অস্বাস্থ্যকর আসক্তিমূলক আচরণগুলো বন্ধ করে।
- গভর্নর এছাড়াও শিশুদের যৌন নির্যাতনের AI দিয়ে বানানো সবকিছুকে বেআইনি ঘোষণা করেছেন।
- দ্য আনপ্লাগ অ্যান্ড প্লে এজেন্ডা (Unplug and Play Agenda), সামাজিক অবকাঠামো, খেলার মাঠ, কমিউনিটি সেন্টার এবং পুলের মতো ভৌত স্থাপনা এবং বিস্তৃত যুব কর্মসূচিতে অর্থায়নের মাধ্যমে স্বাস্থ্যকর সামাজিকীকরণ এবং শিশু বিকাশে সহায়তা করে।
- নিউ ইয়র্কের ডিস্ট্রাকশন ফ্রি লার্নিং (New York's Distraction Free Learning Policy) পলিসি যার অধীনে স্টেট ব্যাপী K-12 স্কুলগুলোতে ক্লাস চলাকালীন পুরো সময় স্মার্টফোন ব্যবহারে সম্পূর্ণ নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে; এর ফলে ইতোমধ্যেই শিক্ষার্থীদের শিক্ষাগত সাফল্য বৃদ্ধি পাচ্ছে, মানসিক ও শারীরিক সুস্থতার উন্নতি ঘটছে এবং একটি নিরাপদ স্কুল পরিবেশ তৈরি হচ্ছে।
- Social Media Warning Labels বিল যার মাধ্যমে সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলির জন্য মানসিক স্বাস্থ্যের উপর তাদের প্ল্যাটফর্মের সম্ভাব্য প্রভাব সম্পর্কে সতর্কীকরণ বার্তা প্রদর্শন আবশ্যিক করবে।

- Safe by Design Act, যা শিশুদের অনলাইনে শিকারি আচরণ থেকে সুরক্ষা দিবে এবং তাদের ডিফল্ট হিসেবে সর্বোচ্চ প্রাইভেসি সেটিং নির্ধারণ করবে।
- কিশোর-কিশোরীদের মানসিক স্বাস্থ্যের প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ যা কমবয়সীদের মানসিক স্বাস্থ্য ও মাদকাসক্তি সংক্রান্ত সমস্যার সাধারণ লক্ষণ ও উপসর্গ সনাক্ত করার দক্ষতা অর্জনে সহায়তা করে এবং কীভাবে সাহায্য চাইতে হয় তা শেখায়।
- Youth Safe Spaces, যেখানে বিশ্বস্ত কমিউনিটির সংগঠনগুলি সমর্থক ও নিন্দা করা হবে না এমন পরিবেশ প্রদান করে যেখানে তরুণরা মানসিক সুস্থতা সংক্রান্ত সংস্থানের অ্যাক্সেস পাবে, সমকক্ষদের সাথে ইতিবাচক সম্পর্ক গড়ে তুলতে পারবে, এবং নন-ক্লিনিক্যাল কার্যক্রমে জড়িত হতে পারবে।
- নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য প্রিভেনশন অফ ডোমেস্টিক ভায়োলেন্সের (Office for the Prevention of Domestic Violence, OPDV) শুরু করা Power Down, Speak Up জনসচেতনতামূলক ক্যাম্পেইন যা পুরো স্টেটের কমবয়সীদেরকে অনলাইন নির্যাতন সনাক্ত করা ও তার সাড়াদান করতে সক্ষম করে তোলে এবং একই সাথে এটি অভিভাবক, শিক্ষক, এবং আইন শৃঙ্খলা রক্ষাকারীদেরকে কমবয়সীদের অনলাইনে নিরাপদ রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা প্রদান করে।
- OPDV-এর টেকনোলজি-ফ্যাসিলিটেড জেন্ডার-বেজড ভায়োলেন্স Technology-Facilitated Gender-Based Violence (TFGBV) প্রশিক্ষণ, যা ইতোমধ্যে 4,000-এর বেশি কমবয়সী, অভিভাবক, শিক্ষক, এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী পেশাদারদের অনলাইন নির্যাতন প্রতিরোধ ও তার সাড়াদানের বিষয়ে প্রশিক্ষণ দিয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।